



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরিশাল-৯২/২০১৭/২০২০

তারিখ : ২৯ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

নুরাবাদ হোসাইনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নুরাবাদ, উপজেলা: চরফ্যাশন, জেলা : ভোলা-এর ফাজিল স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৩.০৩.২০২২ তারিখে জমাকৃত আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) (বি.এ/বি.এস.এস) স্তরনিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২২ খ্রি. থেকে ৩০.০৬.২০২৬ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. অচিরেই সকল শূন্যপদে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. একাডেমিক কমিটি গঠন করে শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩. যেসব জমির খাজনা পরিশোধ করা হয়নি তার খাজনা হালনাগাদ পরিশোধ করতে হবে।
৪. উপাধ্যক্ষের জন্য আলাদা সুসজ্জিত কক্ষের ব্যবস্থা করতে হবে।
৫. লাইব্রেরির জন্য আলাদা কক্ষ নির্ধারণ ও প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে তা শিক্ষার্থীদের ব্যবহার উপযোগী করতে হবে।
৬. অর্থ কমিটি গঠন করতে হবে এবং আয়-ব্যয় হিসাব গভর্ণিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৭. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে



ড. জাভেদ আহমাদ

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

নুরাবাদ হোসাইনিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: নুরাবাদ, উপজেলা: চরফ্যাশন, জেলা : ভোলা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরিশাল-৯২/২০১৭/২০২০

তারিখ : ২৯ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নুরাবাদ হোসাইনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নুরাবাদ, উপজেলা: চরফ্যাশন, জেলা : ভোলা।
৭. অফিস নথি।



শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬